মুজিব বর্ষের আহ্বান

সেবায় মিলবে পরিত্রাণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদফতর

স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা

সমাজসেবা ভবন ই-৮/বি-১, আগারগাঁও, শের-ই-বাংলানগর ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৬.২২.৩০৬.১৯. ৮৮(১৫০)

তারিখ: ২০ কার্তিক ১৪২৭
৫ নভেম্বর ২০২০

বিষয়: বেসরকারী সংস্থার নিবন্ধনে নামকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র:
১. স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০৫২.০৯৯.২৯.২০.১২১ তারিখ: ৯/৯/২০২০
২. জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক নম্বর: ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৩৬২ তারিখ: ২৬.০৭.২০২০ খ্রি.
৩. মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নম্বর ৫৩৪৫ /২০২০ এর রায়।
৪. মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে দায়ের কৃত ১০৪ নম্বর মামলার ১৪-০৭-২০২০ তারিখের রায়।
৫. স্মারক নং-৪১.০১.০০০০.০৪৬.২৮.০২১.১৩.১৯৭, তারিখ: ১৮/৪/২০১৩ এর পরিপত্র।

স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থাসমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এবং স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থাসমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী সমাজসেবা অধিদফতর স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রণ করছে। সমাজসেবা অধিদফতরের জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকগণ জেলা পর্যায়ে স্বেচ্ছাসেবী সমাজকল্যান সংস্থাসমূহের নিবন্ধন কর্তৃপক্ষ হিসেবে ক্ষমতাপ্রাপ্ত। জেলার সীমারেখার মধ্যে সংস্থাসমূহের নিবন্ধন ও নিবন্ধন পরবর্তী কার্যক্রম পর্যবেক্ষণ, তত্ত্বাবধান ও মূল্যায়নের বিষয়টি স্ব স্ব উপপরিচালকগণের উপর অর্পিত রয়েছে।

২। নিবন্ধন দেয়ার ক্ষেত্রে বর্ণিত অধ্যাদেশের তপসিলে উল্লিখিত বিষয়সমূহব্যতীত অন্য কোন উদ্দেশ্যে নিবন্ধন দেয়ার সুযোগ খুবই সীমিত। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মানবাধিকার কর্তৃপক্ষ ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত সংস্থার নামের অনুরূপন নাম দিয়ে কোন সংস্থার নিবন্ধন দেয়া হলে বিভিন্নভাবে ও বিভিন্ন প্রকারে ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে। আবার শুধুমাত্র নামের কারণে মূল সংস্থার কাজ বিঘ্নিত হতে পারে বা মূল সংস্থার নাম ব্যবহার করে তার ক্ষমতার অপব্যবহার করা হতে পারে। এমতাবস্থায়, জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিভিন্ন সংস্থার নামের সাথে ব্যবহৃত কিছু কিছু **Jargon** যেমন: '**কাউন্সিল**', '**কমিশন**', '**মানবাধিকার**', '**শিশু অধিকার**', '**আন্তর্জাতিক**', '**জাতীয়**' **ন্যাশনাল** ইত্যাদি শব্দযুক্ত কোন নামের কোন সংস্থার নিবন্ধন দেয়া কোনভাবে সংগত নয় বলে প্রতীয়মান হয়। অতএব, এখন থেকে নতুন সংস্থার নিবন্ধন দেয়ার ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের জন্য পরামর্শ দেয়া হল।

৩। এ বিষয়ে অত্র অধিদফতর থেকে -৪১.০১.০০০০.০৪৬.২৮.০২১.১৩.১৯৭ নম্বর স্মারকে ১৮/৪/২০১৩ তারিখে জারীকৃত পরিপত্রে জাতীয় স্বার্থে উদ্ভুত সমস্যা নিরসনকল্পে নিবন্ধিত বেসরকারী মানবাধিকার সংগঠন/সংস্থার নামের সাথে কমিশন শব্দ সংযোজিত থাকলে তা বাদ দেয়ার দ্রুত পদক্ষেপ গ্রহন করতে হবে এবং ভবিষ্যতে নিবন্ধন গ্রহণে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থার নামের সাথে কমিশন শব্দ থাকলে তা বাদ দিতে হবে মর্মে নির্দেশ দেয়া হয়েছিল। উক্ত নির্দেশ মোতাবেক কতটি সংস্থার নাম সংশোধিত হয়েছে তার তালিকাসহ উপরে বর্ণিত এ ধরনের শব্দ সম্বলিত যে সমস্ত সংস্থাকে ইতিপূর্বে নিবন্ধন দেয়া হয়েছে তার একটি তালিকা আগামী এক সপ্তাহের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল।

০৫/১১/২০২০

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন-০২৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়(সকল).................................

খ) সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা